

বরাবর,

চেয়ারম্যান  
জিনারদী ইউনিয়ন পরিষদ  
পলাশ, নরসিংদী।

বিষয়ঃ বসত ভিটা ভেঙ্গে পুকুরে পড়ে যাওয়ার উপক্রম প্রসঙ্গে।

বাদী	বিবাদী
হাসেম আলী গং পিতাঃ মৃত ফাইজ উদ্দীন গ্রামঃ রাঘবদী, ডাকঘরঃ জিনারদী উপজেলাঃ পলাশ, জেলাঃ নরসিংদী।	মোনতাজ পিতাঃ মৃত ছমির উদ্দিন গ্রামঃ রাঘবদী, ডাকঘরঃ জিনারদী উপজেলাঃ পলাশ, জেলাঃ নরসিংদী।

জনাব,

সবিনয় বিনীত নিবদেন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী আপনার ইউনিয়নের ০৬নং ওয়ার্ডের রাঘবদী গ্রামের স্থায়ী বাসিন্দা। বিবাদী আমার পাড়া প্রতিবেশী আত্মীয় হইতেছে বটে। দীর্ঘদিন যাবৎ ধরে বিবাদী পুকুরের পাড় না বাধার কারণে আমার বসত ভিটা সহ বার্ডঘর তাহার পুকুরে ভেঙ্গে পড়ে যাচ্ছে। এ বিষয়ে সমাজের গন্যমান্য ব্যক্তিগণের সমন্বয়ে বহু বার বিবাদীকে জিজ্ঞাসাবাদ করিয়া ব্যর্থ হয়েছি। এমতাবস্থায় আমি নিরুপায় হয়ে আপনার গ্রাম আদালতে আমা ঘর/বাড়ী রক্ষার্থে বিবাদীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করিলাম।

অতএব, মহোদয়ের সমীপে আমার আকুল আবেদন, উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে বিবাদীর পুকুরের পাড় ভরাট করে আমার বসত ভিটা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার দরবারে সুবিচার প্রার্থনা করছি।

তারিখঃ ২২/০৭/২০২৩

বিনীত নিবেদক  
হাসেম আলী